




সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর সূচক ২.১ অনুযায়ী বাপাউবোর্ডের জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/ অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবোর্ডের আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ) সভা আগামী ২২ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায় পানি ভবনের লেভেল-৫ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বাপাউবোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। উক্ত সভায় বিতরণ তালিকায় বর্ণিত সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।



(মোঃ ওয়াহিদ হোসেন)

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন

বাপাউবো, ঢাকা।

ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,

বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen Charter)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ; কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/দক্ষিণাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/উত্তরপশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/বরিশাল/ফরিদপুর/খুলনা/রাজশাহী/রংপুর।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-২৯৭.১(৪);

তারিখঃ ২০/০৮/২০২৩ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১. সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।
০৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
০৪. অফিস কপি/মাষ্টার কপি।



(মোঃ মঈনুল ইসলাম)

সহকারী পরিচালক (প্রশাসন)

প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন

বাপাউবো, ঢাকা।



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

সভাপতি	মোঃ ওয়াহিদ হোসেন
সভার তারিখ	২২ আগস্ট, ২০২৩ খ্রিঃ।
সভার সময়	দুপুর ৩ ঘটিকা।
স্থান	পানি ভবন সম্মেলন কক্ষ (লেভেল ৫)
উপস্থিতি	সংযুক্তি ১ সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি মহোদয় আমন্ত্রিত প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী মহোদয়দের সভায় স্বাগত জানান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর জনাব খুশী মোহন সরকার, অতিঃ প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক তাঁর অঞ্চলে গৃহীত কার্যক্রমসমূহের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় অত্র বছরের বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত বিভিন্ন জোন/অঞ্চল থেকে আগত প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ গণ এই বিষয়ে একমত পোষন করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ প্রমাণকসহ যথাসময়ে সম্পন্নপূর্বক ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

২। যে সকল জোন/অঞ্চলের অদ্য ২০২৩-২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক কর্মপরিকল্পনার কার্যক্রম এখনো সম্পন্ন বাকি রয়েছে সে সকল জোন/অঞ্চল অদ্য ৩০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক কর্মপরিকল্পনার অনির্দিষ্ট কার্যক্রমসমূহ সম্পন্ন নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-০৯-২০২৩

মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

নম্বর: ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.১৪

৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
- ২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরণীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেবাবন্ধে আপরোডের অনুরোধ জানানো হলো) এবং
- ৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।



(Handwritten signature)

১৪-০৯-২০২৩

মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

সকল সংযুক্তিসমূহ:

- (১) Attachment 1- attendance on 22 august 23

